

# মাছ চাষ

## চুন প্রয়োগ



মৎস্য অধিদপ্তর  
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ

বাংলাদেশ একাকৃতাকালচার  
এও ফিশারীজ রিসোর্স ইউনিট



ওভারসিজ ডেভেলপমেন্ট  
অ্যাডমিনিস্ট্রেশন, ইউ.কে.

ফিশারীজ টেকনিজ  
এও প্রক্রিয়েশন প্রজেক্ট

## পুরুরে কেন চুন দেবেন

### পুরুরে চুন প্রয়োগ করলে -

- মাটি ও পানির অম্লত্ব দূর হবে।
- বাজে গ্যাস ও রোগ-বালাই নিয়ন্ত্রিত হবে।
- সারের কার্যকারিতা বাড়বে।
- পানির ঘোলাত্ব দূর হবে।

## পুরুরে কতটুকু চুন দেবেন

### চুনের পরিমাণ নির্ভর করে -

- মাটি ও পানির পিএইচ।
- মাটির ধরণ, যেমনঃ বেলে, দো-আশ, এটেল ইত্যাদি।
- চুনের প্রকার ও গুণাগুণ 'এর উপর।

### চুন প্রয়োগের মাত্রাঃ

মাটির পিএইচ মাত্রা	পোড়া চুন (শতাংশ)
৩ - ৫	৬ কেজি
৫ - ৬	৪ কেজি
৬ - ৭	২ কেজি

## চুনের সাধারণ মাত্রাঃ

দো-আঁশ মাটিতে শতাংশ প্রতি ১-২ কেজি  
হারে চুন প্রয়োগ।

আপনার পুকুরের জন্যে উপযোগী পরিমাণঃ

পুকুরের আয়তন	চুনের পরিমাণ
..... শতাংশ	..... কেজি.

উপরের ছকটি মৎস্য/সম্প্রসারণ কর্মকর্তা  
কর্তৃক পূরণীয়।

## পুকুরে কিভাবে চুন দিবেন

**শুকনো পুকুরেঃ** পুকুর তৈরি করার সময়  
প্রয়োজনীয় চুন ভালভাবে গুড়া করেপাড়সহ  
সমস্ত পুকুরে সমানভাবে ছিটিয়ে দিন।

**পানি ভরা পুকুরেঃ** পানিতে চুন গুলে সমস্ত  
পুকুরে সমানভাবে ছিটিয়ে দিন।




শুকনো পুকুর

পানি ভরা পুকুর

## চুন গুলানোর পদ্ধতি

- চাড়ি বা ড্রাম বা পুকুর পাড়ের গর্তে পানি নিয়ে এর মধ্যে অল্প অল্প পরিমাণে চুন দিন। চুন গুলে গেলে এর মধ্যে আরো পানি মেশান।



- মাটির চাড়ি বা ড্রাম বা পুকুর পাড়ের গর্তে চুন রেখে উপরে চট অথবা বস্তা দিয়ে ঢেকে দিন। এর উপরে পরিমিত পানি ঢালুন। কিছুক্ষণ পরে চুন গলে যাবে।



## কখন চুন দেবেন

- পুরুর প্রস্তুতিকালে চাষ দেয়ার ২-৩ দিনের মধ্যে অথবা বিষ প্রয়োগের ৭-৮ দিন পরে।
- প্রতি তিন মাস পর পর পুরুরে চুন প্রয়োগ করলে পুরুরের স্বাস্থ্যকর অবস্থা বজায় থাকবে। এ ক্ষেত্রে চুনের মাত্রা হবে প্রাথমিক মাত্রার  $\frac{1}{8}$  ভাগ থেকে  $\frac{1}{2}$  ভাগ।

## চুন প্রয়োগে সতর্কতা:

- ভেজানোর সময় চুন ফুটতে থাকে। এ সময়ে সতর্ক থাকুন।
- চুন দেয়ার সময় নাকমুখ গামছা দিয়ে বাঁধুন।
- প্লাস্টিকের বালতিতে চুন ভেজাবেন না।
- চুন বাতাসের অনুকূলে ছিটান।
- চুন শিশুদের নাগালের বাইরে রাখুন।
- চুন দেয়ার পর হাত মুখ ধুয়ে নিন।



পচা পঁ্যাক আগে তুলে  
তার পরেতে চুন দিলে,  
পানি, মাটি হবে শোধন  
নিরোগ রবে, কোথায় মরন ।

আগে চুন, পরে সার  
এ কথাটি ভুলনা আর

মাঝে মাঝে দিলে চুন  
রোগের মুখে পড়ে আগুন

চুন কেনার সময় তার গুণগত মান  
পরীক্ষা করে নিন ।

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ মৎস্য/  
সম্প্রসারণ কর্মকর্তার পরামর্শ নিন ।

মৎস্য অধিদপ্তর, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়  
এবং

বাংলাদেশ এ্যাকুয়াকালচার এণ্ড ফিশারীজ রিসোর্স ইউনিট (বাফরু)  
রোড-২৮, বাড়ী-৪২, গুলশান, ঢাকা-১২১২  
ফোনঃ ৮৮২৫৯৮, ৬১০৬৪৯